



# গরীব নেওয়াজ উচ্চ বিদ্যালয়

## GARIB-E-NEWAZ HIGH SCHOOL

ফোন : ৭১২৬২৮



ব্লক-আই, হালিশহর হাউজিং এস্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। ইমেইল-gnhsc@yahoo.com, EINN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬

স্থাপিত : ১৯৮০ ইং

তারিখঃ ১৭/০৭/২০২৪ খ্রি:

## বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত ১৬ই জুলাই ২০২৪ এর প্রেস বিজ্ঞপ্তি এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তির সূত্রে অত্র বিদ্যালয়ের প্রাথমিক ও মাধ্যমিক শাখার সকল শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী, সম্মানিত অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রাথমিক ও মাধ্যমিক উভয় শাখার শ্রেণি কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।

### বিষয়ঃ

১। দশম শ্রেণির সাপ্তাহিক মূল্যায়ন-২০২৪ এর ১৯/০৭/২০২৪ তারিখ শুক্রবারে অনুষ্ঠিতব্য পরীক্ষার সিদ্ধান্ত আগামী ১৮/০৭/২০২৪ তারিখ বৃহস্পতিবার জানানো হবে।

২। আগামী ১৮/০৭/২০২৪ তারিখ বৃহস্পতিবার হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিদ্যালয়ের প্রাথমিক ও মাধ্যমিক শাখার দাপ্তরিক কার্যক্রম সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত চলবে।

-বিষয়টি অতীব জরুরী।

### সংযুক্তিঃ

১। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত প্রেস বিজ্ঞপ্তি

২। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। প্রাথমিক শাখার সকল শ্রেণির শ্রেণি শিক্ষকবৃন্দ।

২। মাধ্যমিক শাখার সকল শ্রেণির শ্রেণি শিক্ষকবৃন্দ।

৩। অফিস।

এম. এ. মঞ্জুর  
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
গরীব নেওয়াজ উচ্চ বিদ্যালয়  
হালিশহর হা/এ, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## প্রেস রিলিজ

ঢাকা ১৬ জুলাই ২০২৪

বিদ্যালয় ও কলেজগামী শিক্ষার্থীদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসহ) এবং পলিটেকনিক ইন্সটিটিউট সমূহের শ্রেণি কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।



এম এ খায়ের  
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল: ০১৭১৬০৬৬৮৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয়-১ অধিশাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

নং- ৩৮.০০.০০০০.০০৭.০৮.০০১.২০-১৪৮

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩১  
১৭ জুলাই ২০২৪

**বিষয়:** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন আটটি বিভাগীয় শহরের সিটি কর্পোরেশন এলাকাভুক্ত প্রাথমিক পর্বায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শ্রেণি কার্যক্রম বন্ধ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোমলমতি শিশু শিক্ষার্থীদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দেশের আটটি বিভাগীয় শহরের সিটি কর্পোরেশন এলাকাভুক্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়, শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর লার্নিং সেন্টারসমূহের শ্রেণি কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে।

০২। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সত্যজিত রায় দাশ  
সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩

email: [dss.mopme@gmail.com](mailto:dss.mopme@gmail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা।

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিষ্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সিনিয়র তথ্য কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।